

[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিত ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ ভ্যাট বিভাগ ]

সাধারণ আদেশ নং- ০৩/মূসক/২০২০

তারিখঃ ১৭ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ  
০১ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ মোবাইল ব্যাংকিং সেবার ক্ষেত্রে প্রাপ্য পণের বিপরীতে মূসক ও সম্পূরক শুল্ক আদায় পদ্ধতি।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (অতঃপর আইন বলিয়া উল্লিখিত) এর অধীনে প্রণীত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ (অতঃপর বিধিমালা বলিয়া উল্লিখিত) এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মোবাইল ব্যাংকিং সেবার ক্ষেত্রে প্রাপ্য পণের বিপরীতে মূসক ও সম্পূরক শুল্ক আদায় সংক্রান্ত নিম্নরূপ আদেশ জারি করিল, যথাঃ

১। শিরোনাম ও প্রবর্তনা- (১) এই আদেশ মোবাইল ব্যাংকিং সেবার ক্ষেত্রে প্রাপ্য পণের বিপরীতে মূসক ও সম্পূরক শুল্ক আদায় পদ্ধতি, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) এই আদেশ ১৭ আষাঢ়, ১৪২৬ খ্রিস্টাব্দ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই আদেশে ‘মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী’ বলিতে এমন নিবন্ধিত সেবা প্রদানকারীকে বুঝাইবে যিনি বা যাহারা Bangladesh Mobile Financial Services (MFS) Regulations, 2018 এর আওতায় বাংলাদেশ ব্যাংক হইতে ‘‘Mobile Financial Services (MFS)’’ প্রদানের লক্ষ্যে যথাযথ লাইসেন্স প্রাপ্ত হইয়াছেন কিংবা বাংলাদেশ ডাকবিভাগ হইতে এতদসংক্রান্ত সেবা প্রদানের লক্ষ্যে যথাযথ অনুমোদন প্রাপ্ত হইয়াছেন।

৩। প্রযোজ্যতা- মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান প্রত্যেক গ্রাহকের নিকট হইতে অর্থ জমা প্রদান, উত্তোলন ও লেনদেনের উপর নির্দিষ্ট পরিমাণ সার্ভিস চার্জ বা কমিশন আদায় করে, যাহা মোবাইল ব্যাংকিং সেবার সহিত জড়িত সকল সহযোগী অংশীদারদের মধ্যে বিভাজিত হইয়া থাকে। এই আদেশ মোবাইল ব্যাংকিং সেবা সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। মোবাইল ব্যাংকিং সেবার সহিত জড়িত সহযোগী অংশীদারগণ নিম্নরূপঃ

- (ক) ব্যাংক বা প্রযোজ্য ক্ষেত্রে ডাকবিভাগ;
- (খ) টেলিকম অপারেটর;
- (গ) মোবাইল ব্যাংকিং এজেন্ট ও ডিস্ট্রিবিউটর (তৃণমূল পর্যায় পর্যন্ত সেবা সরবরাহের দায়িত্বে নিয়োজিত প্রতিষ্ঠান বা ব্যক্তি);
- (ঘ) কারিগরী সহায়তা প্রদানকারী ব্যক্তি; এবং
- (ঙ) কাস্টমার এ্যাকুইজিশন এজেন্সি বা সমজাতীয় কর্মসম্পাদনকারী ব্যক্তি।

৪। কেন্দ্রীয় নিবন্ধন- আইনের ধারা ৫ মোতাবেক মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারীকে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করিতে হইবে। এই কেন্দ্রীয় নিবন্ধনে মোবাইল ব্যাংকিং সেবা প্রদানে সহযোগী এজেন্ট, ডিস্ট্রিবিউটরগণ ও কাস্টমার এ্যাকুইজিশন এজেন্সি বা সমজাতীয় কর্ম সম্পাদনকারী ব্যক্তি অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে। হালনাগাদকৃত